

সব শিক্ষা প্রতিষ্ঠানে হবে ফ্রি ওয়াইফাই জোন

নিজস্ব প্রতিবেদক

১৯ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ নভেম্বর ২০১৯ ০১:২৭



আমাদের মমতা

পর্যায়ক্রমে দেশের ৫৮৭ সরকারি কলেজ, বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইনসিটিউটগুলো উচ্চগতির ফ্রি ওয়াইফাই সুবিধার আওতায় আনতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ২০১৮ সালে একটি কর্মসূচি গ্রহণ করে। এ কর্মসূচির অংশ হিসেবে গতকাল সোমবার ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার নেতৃত্বে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য ফ্রি ওয়াইফাই জোনের উদ্বোধন করেন। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন বিটিসিএল এ কর্মসূচি বাস্তবায়ন করেছে। এর মধ্য দিয়ে এখন থেকে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্যাম্পাসে ওয়াইফাইয়ের মাধ্যমে উচ্চগতির ইন্টারনেট ব্যবহারের সুবিধা পাবেন।

এ উপলক্ষে ক্যাম্পাসে এক অনুষ্ঠানে মোস্তাফা জব্বার বলেন, শিক্ষায় ডিজিটাল রূপান্তরের অংশ হিসেবে ডিজিটাল বাংলাদেশের রূপকার প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনায় প্রাথমিকভাবে সরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোকে উচ্চগতির ইন্টারনেট ব্রডব্যান্ড সংযোগের আওতায় আনা হচ্ছে। পর্যায়ক্রমে দেশের বেসরকারি কলেজ ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষা প্রতিষ্ঠানে এ সুবিধা সম্প্রসারণ করা হবে।

মন্ত্রী জানান, ৫৮৭ সরকারি কলেজ, বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইনসিটিউটের মধ্যে ঢাকা বিভাগে ১৪৩, ময়মনসিংহ বিভাগে ৩৫, চট্টগ্রাম বিভাগে ১০৭, বরিশাল বিভাগে ৪৫, খুলনা বিভাগে ৮৩, রাজশাহী বিভাগে ৮৫, রংপুর বিভাগে ৫৬ এবং সিলেটে বিভাগে ৩৩ প্রতিষ্ঠান প্রাথমিকভাবে ফ্রি ওয়াইফাই সুবিধার আওতায় আসছে। সরকারের নিজস্ব অর্থায়নে প্রায় ৪৫ কোটি টাকা ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়নের পর বিনামূল্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ১০ এমবিপিএস হারে ব্যান্ডউইথ সরবরাহ করা হবে।